

## ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৯

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল হচ্ছে ইঞ্জিন ও যন্ত্রাংশে ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল যা নির্দিষ্ট মেয়াদে ব্যবহারের পর ইঞ্জিন/যন্ত্রাংশ থেকে অপসারিত এক প্রকার বর্জ্য পদার্থ। ব্যবহৃত লুব অয়েল পরিবেশের জন্য ক্ষতিকর এবং এর ব্যবস্থাপনা ব্যয়সাধ্য। এ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েলে ইঞ্জিন অয়েল, গিয়ার অয়েল, হাইড্রোলিক অয়েল, সার্কোলেটিং ও অন্যান্য লুব অয়েল মিশ্রিত থাকে। এ সকল প্রাপ্ত মিশ্রণ বা ব্যবহৃত লুব অয়েলে বিভিন্ন গ্রেড/গ্রুপ অনুযায়ী ভিন্ন ভিন্ন মাত্রায় এডিটিভস্ মিশ্রিত থাকে বিধায় বিশেষভাবে প্রক্রিয়াকরণ ব্যতীত সাধারণ রি-সাইকেল (Recycle) প্রক্রিয়ায় তার উপাদানসমূহ সম্পূর্ণরূপে পৃথক করে American Petroleum Institute (API) /আন্তর্জাতিক মানের লুব-বেস/লুব্রিকেটিং অয়েলে উন্নীত করা যায় না।

রিসাইকেল প্রক্রিয়ায় পরিবেশের ক্ষতিকর প্রভাব কমানো এবং আর্থিক বিবেচনায় পুনঃব্যবহারযোগ্য পণ্য উৎপাদন সম্ভব বিবেচনায় পৃথিবীর বিভিন্ন দেশ ব্যবহৃত লুব অয়েলকে রি-রিফাইনিং প্রক্রিয়ায় API সমমানের লুব বেইস অয়েল/লুব্রিকেটিং অয়েল তৈরী করছে যা Environment Protection Agency (EPA, USA) কর্তৃক স্বীকৃত। বাংলাদেশেও ব্যবহৃত লুব অয়েল পুনঃ ব্যবহারের জন্য রি-রিফাইনিং প্রক্রিয়া (Re-refining process) অনুযায়ী প্ল্যান্ট স্থাপনের বিষয়টি অন্তর্ভুক্তপূর্বক 'ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইন করিয়া মানসম্মত বেইস অয়েল উৎপাদনের অনুমোদন প্রদানের নীতিমালা ২০০৯' প্রণয়ন করা হয়। সময়ের ব্যবধান, প্রযুক্তির উন্নয়ন, পারিপার্শ্বিকতা ইত্যাদি বিবেচনায় নতুন আঙ্গিকে বিস্তারিতভাবে ও বিদ্যমান নীতিমালার বিভিন্ন অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। এ কারণে 'ক্লস অব বিজনেস' এর সিডিউল-১ এর ১৬(বি)'তে প্রদত্ত ক্ষমতাবলে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

### ২। শিরোনাম:

এ নীতিমালা "ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৯" নামে অভিহিত হবে।

### ৩। নোট/ব্যাখ্যা:

- ৩.১। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল এবং রি-রিফাইনিং লুব্রিকেটিং অয়েল সাধারণত লুব অয়েল বা লুব্রিকেট নামে পরিচিত। তবে, এক্ষেত্রে খিজ অন্তর্ভুক্ত হবে না।
- ৩.২। প্ল্যান্ট: রি-রিফাইনিং প্রক্রিয়ায় ব্যবহৃত লুব অয়েল থেকে মানসম্মত বেস অয়েল তৈরির আন্তর্জাতিক কোডস ও স্ট্যান্ডার্ড অনুযায়ী স্থাপিত প্ল্যান্ট।
- ৩.৩। এ্যাডিটিভস্: এ্যাডিটিভস্ হচ্ছে জৈব বা অজৈব রাসায়নিক যৌগ যা উৎপাদিত লুব্রিকেটিং তেলের নির্দিষ্ট বৈশিষ্ট্য প্রদান করার লক্ষ্যে যোগ করা হয়। মেশিনের উপর নির্ভর করে সাধারণত এটি তেলের মোট আয়তনের ০.১ থেকে ৩০ শতাংশের মধ্যে থাকে। এটি বিভিন্ন ধরনের হয়ে থাকে।
- ৩.৪। বেস অয়েল: লুব্রিকেট উৎপাদনের জন্য প্রধান উপাদান বেস অয়েল প্রধানত অশোধিত তেল রিফাইনিং এর মাধ্যমে উৎপাদিত হয় যা খনিজ বেস অয়েল নামেও পরিচিত। বেস অয়েল যখন রাসায়নিক সংশ্লেষণের মাধ্যমে তৈরি হয় তখন একে সিঙ্কেটিক বেস অয়েল বলে। রিফাইনিংয়ের সময় অশোধিত অয়েল উত্তপ্ত করা হয় যাতে বিভিন্ন ডিস্টিলেটগুলো একে অপরের থেকে আলাদা করা যায়। উত্তপ্ত করার সময় হালকা এবং ভারী হাইড্রোকার্বন আলাদা হয়। হালকাগুলো পেট্রোল ও অন্যান্য জ্বালানি তৈরির জন্য ব্যবহৃত হয়। ভারীগুলো বিটুমিন এবং বেস অয়েল হিসেবে ব্যবহৃত হয়।
- ৩.৫। টেকনিক্যাল কমিটি: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত টেকনিক্যাল কমিটি

### ৪। প্ল্যান্ট স্থাপনে উদ্যোক্তার যোগ্যতা:

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনে উদ্যোক্তার নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে:

- ৪.১। প্ল্যান্ট স্থাপনের জন্য জমির নিজস্ব মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (দলিল, পর্চা, খাজনার দাখিলা ইত্যাদি) অথবা জমির লিজ গ্রহণের ক্ষেত্রে কমপক্ষে ২৫ বছর মেয়াদি রেজিস্টার্ড চুক্তিপত্র;
- ৪.২। প্ল্যান্ট স্থাপনের নিমিত্ত আর্থিক সামর্থের প্রমাণপত্র (সরকার সময়ে সময়ে সামর্থের মানদণ্ড নির্ধারণ করবে);

২

৪.৩। প্ল্যান্ট স্থাপনে আবেদনকারীর সম জাতীয় কোন প্ল্যান্ট স্থাপনে বাস্তব অভিজ্ঞতা অথবা লুব প্ল্যান্ট স্থাপন বা ব্যবসা পরিচালনা সংক্রান্ত অভিজ্ঞতাসম্পন্ন বিদেশী স্বনামধন্য প্রতিষ্ঠানের সাথে Joint Venture চুক্তি;

৫। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনের শর্তাবলি:

- ৫.১। সরকারের অনুমোদন ব্যতীত কোনো ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন করা যাবে না।
- ৫.২। প্ল্যান্ট স্থাপন এবং পরিচালনের (Operation) ক্ষেত্রে বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট ১৯৭৪, পেট্রোলিয়াম আইন ২০১৬, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন ২০১৬ প্রযোজ্য হবে।
- ৫.৩। রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য কাঁচামাল হিসেবে এডিটিভস ও ল্যাবরেটরির জন্য টেস্টিং কেমিক্যালস আমদানির বিষয়ে বিপিসির সাথে চুক্তি করতে হবে। এক্ষেত্রে, সময়ে সময়ে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আমদানি নীতি অনুসরণ করতে হবে।
- ৫.৪। দেশীয় উৎস থেকে প্রাপ্ত এবং আমদানিকৃত কাঁচামাল (ব্যবহৃত লুব অয়েল ব্যতীত), উৎপাদিত পণ্যের বিক্রয় বা রপ্তানির প্রমাণকসহ বিবরণী/প্রতিবেদন মাসিক ভিত্তিতে বিপিসির নিকট দাখিল করতে হবে।
- ৫.৫। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টে উৎপাদিত পণ্যসমূহ American Petroleum Institute (API) এবং প্রযোজ্য ক্ষেত্রে বিএসটিআই'র নির্ধারিত মানসম্পন্ন হতে হবে।
- ৫.৬। প্ল্যান্ট স্থাপনে আন্তর্জাতিক কোডস্ এ্যান্ড স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে।
- ৫.৭। সরকার ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট অনুমোদন ও এতদসংক্রান্ত সেবা প্রদানের জন্য ফি নির্ধারণ করতে পারবে।
- ৫.৮। প্ল্যান্টে উৎপাদিত পণ্য ও কাঁচামাল পরীক্ষণের জন্য আধুনিক যন্ত্রপাতি সম্বলিত পরীক্ষাগার থাকতে হবে;
- ৫.৯। প্ল্যান্ট স্থাপনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর কর্তৃক অবস্থানগত ছাড়পত্র, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত অগ্নি নির্বাপন প্লান, প্ল্যান্ট এবং স্থাপনাসমূহের বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত নকশা (Layout Plan), জেলা প্রশাসন, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারের বিধিবদ্ধ সংশ্লিষ্ট মন্ত্রণালয় অথবা বিভাগ অথবা অধিদপ্তর অথবা দপ্তর হতে প্রয়োজনীয় অনুমোদন অথবা অনুমতি অথবা ছাড়পত্র অথবা অনাপত্তিপত্র থাকতে হবে।
- ৫.১০। প্ল্যান্ট স্থাপনের অনুমতিপত্র প্রাপ্তির পর আবেদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ হতে প্রয়োজনীয় অনুমোদন, ছাড়পত্র, অনাপত্তিপত্র ও লাইসেন্স সংগ্রহপূর্বক ২ (দুই) বছরের মধ্যে প্ল্যান্ট স্থাপনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৫.১১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট মনিটরিংয়ের জন্য একটি কমিটি গঠন করবে। কমিটিতে এ সংক্রান্ত রেজিস্টার্ডভুক্ত সংগঠনের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবে।
- ৫.১২। ব্যবহৃত লুব অয়েলের পরিমাণ সীমিত বিবেচনায় প্ল্যান্ট অনুমোদনের ক্ষেত্রে উপযুক্ত, দক্ষ ও অভিজ্ঞ Investor কে অগ্রাধিকার দেয়া হবে। দেশের অভ্যন্তর হতে প্রাপ্ত ব্যবহৃত লুব অয়েল ব্যতীত অন্য দেশ হতে ব্যবহৃত লুব অয়েল আমদানি করা যাবে না।
- ৫.১৩। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের নকশা (Layout) তৈরীর ক্ষেত্রে (ট্যাংকের মধ্যকার দূরত্ব, প্রসেস প্ল্যান্ট এবং ইউটিলিটিস্ এর মধ্যকার দূরত্ব, ইত্যাদি) বাংলাদেশ পেট্রোলিয়াম বিধিমালা, বিস্ফোরক পরিদপ্তরের বিধিমালা এবং আন্তর্জাতিক মানদণ্ড যেমন: Oil Industry Safety Directorate(OISD), National Fire Protection Association

(NFPA) অনুসরণ করতে হবে।

৫.১৪। ব্যবহৃত লুব্রিকেটিং রি-রিফাইনিং প্ল্যান্ট পরিচালনার জন্য দক্ষ ও প্রশিক্ষিত জনবল নিয়োগ এবং উৎপাদিত পণ্যের গুণগতমান পরীক্ষার জন্য প্রয়োজনীয় সুবিধাদিসহ আন্তর্জাতিক মান (Standard) অনুযায়ী একটি পূর্ণাঙ্গ ল্যাবরেটরী স্থাপন ও ল্যাবরেটরী পরিচালনার জন্য দক্ষ কেমিস্ট নিয়োগ করতে হবে।

৫.১৫। পূর্ণাঙ্গ ল্যাবরেটরী স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতি স্থাপন করতে হবে :

S.N.	Test Name	Description of the Apparatus	Test Method
1	Aniline Point	Automatic Aniline Point Analyzer	ASTM D 611
2	Appearance	Standard Bar Chart Plate	ASTM D 4176
3	Cloud Point Pour Point	Automatic No-flow Analyzer	ASTM D 2500 ASTM D 97
4	Color	Automatic Colorimeter	ASTM D 1500
5	Copper Strip Corrosion	Copper Strip Corrosion Pressure Vessel & Digital Oil r Bath	ASTM D 130
6	Density	Digital Density Meter	ASTM D 4052
7	Flash Point (Open Cup)	Semi-Automated Cleveland Open Cup Flash Point Tester	ASTM D 92
8	Evaporation Loss	Automatic Evaporation Loss Apparatus	ASTM D 5800
9	Foaming Tendency	Foaming Characteristic Tester	ASTM D 892
10	Kinematic Viscosity	Automatic Viscometer	ASTM D 445
11	Low Temperature Cranking Viscosity	Cold Cranking Simulator	ASTM D 5293
12	Low Temperature Pumping Viscosity	Mini Rotary Viscometer	ASTM D 3829/4684
13	Metal Content	ICP-OES	ASTM D 4951/5185
14	Pentane Insoluble	Centrifuge Apparatus & Precision Balance	ASTM D 893
15	Sulphated Ash	Sulphated Ash Apparatus & Precision Balance	ASTM D 874
16	Sulphur Content		ASTM D 2622/4294
17	Total Acid Number	Potentiometer	ASTM D 664
18	Total Base Number	Potentiometer	ASTM D 2896
19	Water Content	Karl Fisher Titration Apparatus	ASTM D 1533
20	Water Separability	Demulsibility Bath	ASTM D 1401
21	Oxidation Stability Test	Oxidation Stability Test Apparatus for Lubricants as per ASTM D 7098-08	ASTM D 7098-08/ D2272
22	Crackle Test	Burner/Test Tube & Accessories	
23	Demulsibility	Demulsibility Test Apparatus for Lubricants as per ASTM D 2711	ASTM D 2711
24	Air Release		ASTM D 3427
25	Saturate	HC Saturation	ASTM D 2007

৫.১৬। ব্যবহৃত লুব অয়েল হতে বেইস অয়েল উৎপাদনের ক্ষেত্রে (I) অথবা (II) ন্যূনতম নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

I) এপিআই গ্রুপ-১ বেইস অয়েল : (Filtration)	
ক)	ডি-হাইড্রেশন (De-Hydration)
খ)	ভ্যাকুয়াম ডিস্টিলেশন (Vacuum Distillation)
গ)	ক্লে-ফিনিশিং (Clay-Finishing)
ঘ)	থার্মাল ডি-অ্যাশফল্টিং (Thermal De-ashphalting) (Not chemical De-ashphalting). [নোটঃ লুব অয়েল রিজেনারেশন প্রসেসে থার্মাল ডি-অ্যাশফল্টিং অপারেশন অন্তর্ভুক্ত থাকবে, তবে রিজেনারেশন প্রসেসে H <sub>2</sub> SO <sub>4</sub> ব্যবহার করা যাবে না]
II) এপিআই গ্রুপ-২ বেইস অয়েল : (Filtration)	
ক)	ডি-হাইড্রেশন (De-Hydration)
খ)	ভ্যাকুয়াম ডিস্টিলেশন (Vacuum Distillation)
গ)	ক্লে-ফিনিশিং (Clay-Finishing)
ঘ)	থার্মাল ডি-অ্যাশফল্টিং (Thermal De-ashphalting) (Not chemical De-ashphalting). [নোটঃ লুব অয়েল রিজেনারেশন প্রসেসে থার্মাল ডি-অ্যাশফল্টিং অপারেশন অন্তর্ভুক্ত থাকবে, তবে রিজেনারেশন প্রসেসে H <sub>2</sub> SO <sub>4</sub> ব্যবহার করা যাবে না]
ঙ)	হাইড্রো-ফিনিশিং (Hydro-finishing)

৫.১৭। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের ল্যাবরেটরি যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ (Maintenance) এবং ক্রমাঙ্কন (calibration) এর জন্য আবশ্যিকীয় হিসেবে এর নির্মাতা বা তার অনুমোদিত পরিবেশকদের সঙ্গে বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি (Annual Maintenance

২

Contract) করতে হবে।

- ৫.১৮। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়মানুযায়ী অগ্নি নির্বাপন ও নিরাপত্তা নির্দেশাবলী মেনে চলতে হবে এবং প্ল্যান্টে পর্যাপ্ত অগ্নি নির্বাপন ও নিরাপত্তা ব্যবস্থা থাকতে হবে।
- ৫.১৯। প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ ভূমি থাকতে হবে। তাছাড়া, কাঁচামাল যেমন: ব্যবহৃত লুব অয়েল/এডিটিভ ও ফিনিসড প্রডাক্ট প্রভৃতি সংরক্ষণের জন্য প্রয়োজনীয় সংখ্যক স্টোরেজ ট্যাংক থাকতে হবে। এছাড়া, প্রসেস প্ল্যান্ট, ইউটিলিটিজ, বয়লার, কম্প্রসার, ওয়াটার এর ব্যবস্থাও থাকতে হবে।
- ৫.২০। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদিত বেইস অয়েল এপিআই (Group I/II) অথবা সমমানের অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী মানসম্পন্ন হতে হবে। এ সংক্রান্ত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) একটি কারিগরি কমিটি গঠন করবে এবং বিষয়টি উক্ত কমিটি নিশ্চিত করবে।
- ৫.২১। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের একই অঙ্গনে (Premises) ব্লেন্ডিং প্ল্যান্ট স্থাপন/পরিচালনা করা যাবে না। তবে এ ধরনের একই মালিকানাধীন প্রতিষ্ঠান লুব্রিকেটিং অয়েল ব্লেন্ডিং প্ল্যান্ট ও ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন করতে চাইলে উভয় প্ল্যান্ট অবশ্যই ডিমার্কেশন/ফেসিং এর মাধ্যমে পৃথকীকরণের ব্যবস্থা থাকতে হবে এবং ব্লেন্ডিং প্ল্যান্টের জন্য সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী পৃথক অনুমোদন গ্রহণ করতে হবে।
- ৫.২২। যে লুব্রিকেটিং অয়েল ব্লেন্ডিং প্ল্যান্ট রি-ফাইনকৃত বেইস অয়েল ব্যবহার করবে তাদেরও ব্লেন্ডিং কাজের জন্য প্রয়োজনীয় অন্যান্য গ্রেডের বেইস অয়েল ও এডিটিভস আমদানির ক্ষেত্রে আমদানি সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালন করতে হবে।
- ৫.২৩। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টে উৎপাদিত বাই প্রডাক্ট স্লাজের ডিসপোজাল সিস্টেম অনুমোদিত হতে হবে এবং স্লাজের নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র সংগ্রহ করতে হবে।
- ৫.২৪। রি-রিফাইনিং প্ল্যান্টে উৎপাদিত পণ্য (বেইজ অয়েল) কোন ক্রমেই দেশের অভ্যন্তরে সরাসরি যানবাহনে বা অন্যত্র ব্যবহারের জন্য বিক্রয় করা যাবে না। তবে সরকারি বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে রপ্তানি করা যাবে।
- ৫.২৫। রি-রিফাইনিং প্ল্যান্ট এবং রি-রিফাইনিং বেস অয়েল ব্যবহারকারী ব্লেন্ডিং প্ল্যান্ট উভয়ের স্ব-স্ব উৎপাদিত পণ্য (Finished Product) বাজারজাত করার সময় মোড়কে Re-refined Product উল্লেখ করবে।

৬। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনের আবেদন প্রক্রিয়া:

আবেদনকারী অথবা প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৫ এ উল্লিখিত শর্তাবলি পূরণে যোগ্য হলে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ ফরম-ক পূরণপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন দাখিল করবে:

- ৬.১। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের প্রজেক্ট প্রোফাইলে ন্যূনতম নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্তপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাব (Project Proforma):
- ৬.১.১। প্ল্যান্ট স্থাপনের উদ্দেশ্য ও যৌক্তিকতা (Objective and Justification);
- ৬.১.২। ব্যবহৃত লুব অয়েল এর উৎস (Source of used lube oil);
- ৬.১.৩। রিফাইনিং বেস অয়েল, উৎপাদিত প্রডাক্টের নাম/গ্রুপ এবং মানদণ্ড, (Re-Refining Base oil, finished products name/group & specification);
- ৬.১.৪। প্ল্যান্টের প্রসেস ডেসক্রিপশন ও ফ্লো-ডায়াগ্রাম, প্ল্যান্ট ও স্থাপনার লে-আউট প্লান, Yield Pattern;

- ৬.১.৫। প্ল্যান্টের সেফটি ও সিকিউরিটি বিষয়ে বিস্তারিত বিবরণ (Health Safety Security and Environment [HSSE]সহ);
- ৬.১.৬। প্রস্তাবিত প্ল্যান্টের যন্ত্রপাতির তালিকা (List of equipment: storage tanks, Process equipment, Utilities etc.) এবং
- ৬.১.৭। Financial and Economical Analysis (আর্থিক বিশ্লেষণ বিষয়াদি)।
- ৬.২। প্রস্তাবিত ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট প্রকল্পের উপর একটি সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন (Feasibility Study Report)।
- ৬.৩। প্ল্যান্ট স্থাপনের জন্য জমির নিজস্ব মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (দলিল, পর্চা, খাজনার দাখিলা ইত্যাদি) অথবা জমির লিজ গ্রহণের ক্ষেত্রে কমপক্ষে ২৫ বছর মেয়াদি রেজিস্টার্ড চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি;
- ৬.৪। প্ল্যান্ট এবং স্থাপনাসমূহের বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত নকশা (Lay-Out Plan);
- ৬.৫। আবেদনকারী প্রতিষ্ঠানের সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এবং মেমোরেডাম এ্যান্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন;
- ৬.৬। পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র;
- ৬.৭। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর জাতীয় পরিচয়পত্রের কপি;
- ৬.৮। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অনুমোদিত অগ্নি-নির্বাপন প্ল্যান;
- ৬.৯। জেলা প্রশাসনের অনাপত্তি;
- ৬.১০। স্থানীয় কর্তৃপক্ষ (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন) এর অনাপত্তি;
- ৬.১১। আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ নিশ্চয়তাপত্র (Financial Commitment Letter for Investment) অথবা নিজস্ব অর্থের সক্ষমতার প্রমাণপত্র;
- ৬.১২। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
- ৬.১৩। আয়কর সনদ (e-TIN) এবং সর্বশেষ বছরের আয়কর পরিশোধের প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি;
- ৬.১৪। সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান বা ব্যাংক ড্রাফট; এবং
- ৬.১৫। সরকার বা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্য কোন কাগজপত্র।
- ৭। প্ল্যান্ট স্থাপনের অনুমতির আবেদন নিষ্পত্তি:
- ৭.১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদন প্রাপ্তির পর টেকনিক্যাল কমিটির মতামতের জন্য আবেদনটি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনে (বিপিসি) প্রেরণ করবে। টেকনিক্যাল কমিটি আবেদন যাচাই-বাছাইপূর্বক সুপারিশ/মতামত প্রদান করবে।
- ৭.২। টেকনিক্যাল কমিটির প্রতিবেদন চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র মতামতসহ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করবে।
- ৭.৩। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনকারীর অনুকূলে প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান করবে অথবা গ্রহণযোগ্য না হলে বিষয়টি বিপিসির মাধ্যমে অবহিত করবে।

৭.৪। প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রাপ্তির পর আবেদনকারীকে বিপিসির সাথে “বাংলাদেশ পেট্রোলিয়াম অ্যান্ড ১৯৭৪” অনুযায়ী চুক্তি সম্পাদন করতে হবে এবং অনুচ্ছেদ-৫ ও ৬ এর শর্তানুযায়ী প্ল্যান্ট স্থাপন করতে হবে।

৮। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার অনুমোদন পদ্ধতি:

৮.১। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার আবেদন প্রক্রিয়া:

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনের অনুমতিপ্রাপ্ত উদ্যোক্তা অনুমতিপত্রের শর্তানুযায়ী প্ল্যান্ট স্থাপনের পর উদ্যোক্তা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার-হেড-প্যাডে পণ্য উৎপাদন ও ব্যবসা পরিচালনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন দাখিল করবেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনের বিষয়ে মতামতের জন্য টেকনিক্যাল কমিটিতে প্রেরণ করবে। টেকনিক্যাল কমিটি প্ল্যান্ট পরিদর্শনের পর “Performance Test Run” এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। “Performance Test Run” সম্পন্ন করার পর প্ল্যান্ট পরিচালনার অনুমোদনের বিষয়ে মতামত ও সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবে। “Performance Test Run” এর প্রতিবেদনের ভিত্তিতে চেয়ারম্যান, বিপিসি ব্যবসা পরিচালনার অনুমতির বিষয়ে মতামত প্রদান করবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ টেকনিক্যাল কমিটির প্রতিবেদন এবং অন্যান্য তথ্য-উপাত্তের ভিত্তিতে প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার অনুমতির বিষয় বিবেচনা করবে। অনুমোদন প্রাপ্তির পর স্বত্বাধিকারী (Owner) বিপিসির সাথে চুক্তি সম্পন্ন করবে এবং নিয়মানুযায়ী উৎপাদন প্রক্রিয়া চালু করবে।

৮.২। রি-রিফাইনিং প্ল্যান্টে শুধুমাত্র বেস অয়েল উৎপাদন করা যাবে এবং তা সরকার কর্তৃক অনুমোদিত লুব ব্লেডিং প্ল্যান্টের নিকট বিক্রয় করতে হবে। কোনক্রমেই লুব অয়েল উৎপাদন করা যাবে না। (?)

৮.৩। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার জন্য আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

৮.৩.১। পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পরিবেশগত ছাড়পত্র;

৮.৩.২। বিস্ফোরক পরিদপ্তরের ছাড়পত্র;

৮.৩.৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক প্রদত্ত অনাপত্তি

৮.৩.৪। কাঁচামালের উৎস এবং মানদণ্ড (প্রযোজ্য ক্ষেত্রে) (Source of raw material and specification) (if applicable);

৮.৩.৫। উৎপাদিত প্রডাক্টের নাম/গ্রুপ এবং মানদণ্ড, (Name/group and specification of finished products);

৮.৩.৬। প্রসেস এন্ড ইন্সট্রুমেন্টেশন ডায়াগ্রাম (পি এন্ড আইডি), (Process and Instrumentation Diagram);

৮.৩.৭। ল্যাবরেটরীতে ব্যবহৃত যন্ত্রাদির তালিকা (List of laboratory equipments);

৮.৩.৮। প্ল্যান্টের ফায়ার, সেফটি ও সিকিউরিটি সম্পর্কিত তথ্যাদির বিস্তারিত বিবরণ, (Detail description of fire, safety and security related information);

৮.৩.৯। প্ল্যান্ট/ল্যাবরেটরী পরিচালনার জন্য দক্ষ লোকবলের তালিকা ও দায়িত্ব (List of laboratory personnel and their responsibility);

৮.৩.১০। প্ল্যান্টের ফায়ার, সেফটি ও সিকিউরিটি লোকবলের তালিকা ও দায়িত্ব (List of Fire, Safety and Security personnels and their responsibility)।

২.

৯। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার শর্তাবলি:

- ৯.১। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টকে উৎপাদন ও ব্যবসা পরিচালনার ৩(তিন) বছরের মধ্যে বিশ্বীকৃত প্রখ্যাত সার্টিফিকেশন কর্তৃপক্ষ হতে আইএসও ৯০০১: ২০০৮/২০১৫ সার্টিফিকেশন অর্জন করতে হবে।
- ৯.২। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টকে লুব বেস অয়েল উৎপাদন ও বিপন্নন এর ক্ষেত্রে সরকার/বিএসটিআই নির্ধারিত মান অনুসরণ করতে হবে। বিষয়টি বিপিসি/বিএসটিআই নিশ্চিত করবে। এ লক্ষ্যে বিপিসি ও বিএসটিআই এর উপর্যুক্ত কর্মকর্তা যৌথভাবে অথবা পৃথকভাবে সময়ে সময়ে প্ল্যান্ট পরিদর্শনের ক্ষমতা সংরক্ষণ করবে।
- ৯.৩। ব্যবহৃত লুব অয়েল (Used lube oil) শুধুমাত্র আভ্যন্তরীণ উৎস হতে সংগ্রহ করতে হবে। কোন অবস্থায় লুব রি-সাইকেল অয়েল (Lube Recycle Oil) বা রিসাইকেল লুব্রিকেট অয়েল (Recycle Lubricant Oil) আমদানিপূর্বক প্ল্যান্টে ব্যবহার করা যাবে না।
- ৯.৪। ব্যবহৃত লুব অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের কাঁচামাল হিসেবে ব্যবহৃত লুব অয়েল (Used lube oil) দেশের বিভিন্ন প্রান্ত হতে অতি সহজে ও মানসম্মত উপায়ে সংগ্রহ করার জন্য এ সংক্রান্ত বিভিন্ন এসোসিয়েশন এবং প্ল্যান্ট মালিকগণ যৌথভাবে একটি পদ্ধতি উদ্ভাবন করবে।
- ১০। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ নতুন প্ল্যান্ট স্থাপনের আবেদন বিবেচনার ক্ষেত্রে দেশে লুবের চাহিদা, অনুমোদিত রিফাইনিং প্ল্যান্ট/ প্ল্যান্টসমূহের উৎপাদন ক্ষমতা, আমদানিকৃত লুব পণ্যের পরিমাণ প্রভৃতি বিবেচনা করবে।
- ১১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিপিসি, বিএসটিআই ও সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ উৎপাদিত পণ্যের গুণগতমান পরীক্ষা করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিপিসি, পেট্রোবাংলা ও বিস্ফোরক পরিদপ্তর এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ যেকোনো সময় প্ল্যান্ট পরিদর্শনের ক্ষমতা সংরক্ষণ করে এবং পরিদর্শনকালে চাহিদা অনুযায়ী তথ্য-উপাত্ত সরবরাহ করতে প্ল্যান্ট কর্তৃপক্ষ বাধ্য থাকবে।
- ১৩। পরিবেশ বা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন পণ্য উৎপাদন করা যাবে না।
- ১৪। অনুমতি বাতিলকরণ:  
ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য প্রদত্ত অনুমতি নিম্নোক্ত কারণে বাতিল করা যাবে
- ১৪.১। অনুমতিপত্র এবং এ নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে;
- ১৪.২। প্ল্যান্ট পরিচালনায় আন্তর্জাতিক কোড ও স্ট্যান্ডার্ড এবং দেশে প্রচলিত বিধি-বিধান অনুসরণ না করলে;
- ১৪.৩। উৎপাদিত পণ্যের গুণগতমান নিশ্চিতকরণে ব্যর্থ হলে;
- ১৫। এ নীতিমালা স্থাপিত ও স্থাপিতব্য ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য প্রযোজ্য হবে। এ নীতিমালা প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও পরিমার্জন করা যাবে। পরিবর্তিত, পরিবর্ধিত, সংযোজিত ও পরিমার্জিত নীতিমালা অনুমতিপ্রাপ্ত ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য প্রযোজ্য হবে।
- ১৬। রহিতকরণ ও হেফাজত:
- (১) এ নীতিমালা জারির সঙ্গে সঙ্গে 'ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং করিয়া মানসম্মত বেইস অয়েল উৎপাদনের অনুমোদন প্রদানের নীতিমালা ২০০৯' বাতিল বলে গণ্য হবে।
- (২) উক্ত নীতিমালা রহিতকরণ সত্ত্বেও নীতিমালার অধীনে গৃহীত কার্যক্রম বলবৎ থাকবে।

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)

সচিব

২